



বাউবি/পরীক্ষা/বিবিএ/ফলাফল/২৮৬/২০০৬/২২০৬

তারিখ: ২৭/০৮/২০১৭

আঞ্চলিক পরিচালক

.....আঞ্চলিক কেন্দ্র, বাউবি।

বিষয়ঃ বিবিএ প্রোগ্রামের মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি/এসএসএস/বিবিএ/জেনারেল/১৪/০৬/৩২৩১(১), তারিখ: ০৮/০৮/২০১৭ স্মারকের পরিপত্রের ১নং শর্ত অনুযায়ী যে সকল শিক্ষার্থী BBA পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ হয়ে বাউবি/প্রশা(সাধা)/স্কুল-২৭(৪)/৯৪/৩৪৪৫, তারিখ: ২১/০৭/২০১৪ ও ২৯৯/বাউবি/পরীক্ষা/বিবিএ/গোপনীয়/২০০৭/পার্ট-১/৩৬৮৪, তারিখ: ১২/০৮/২০১৪ এর স্মারকের প্রজ্ঞাপন এবং বাউবি/পরীক্ষা/বিবিএ/ফলাফল/২৮৬/২০০৬/৪৩৯৪, তারিখ: ১২/০৮/২০১৪ স্মারকের পত্রে বর্ণিত নির্দেশনা মোতাবেক মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছেন এবং অংশগ্রহণকৃত পরীক্ষার ফলাফলে চূড়ান্তভাবে মান উন্নীত হয়েছে তাদের মানোন্নয়ন কার্যকর করার লক্ষ্যে আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্ট প্রেরণ করতে হবে।

(i) মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য পূর্বের আবেদনের কপি (সাময়িক সনদ, ট্রান্সক্রিপ্ট ও বিষয় প্রতি ৫০০/- মানোন্নয়ন ফি জমাদানের রসিদ এর ফটো কপিসহ)।

(ii) RRC থেকে প্রেরিত মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের তালিকার কপি।

(iii) যে সকল বিষয়ে মানোন্নয়ন পরীক্ষায় অংশ নিয়েছেন তার পূর্বের ও সর্বশেষ ফলাফলের ফটোকপি।

২। বাউবি/এসএসএস/বিবিএ/জেনারেল/১৪/০৬/৩২৩১(১), তারিখ: ০৮/০৮/২০১৭ স্মারকের পরিপত্রের ২নং শর্ত অনুযায়ী ভবিষ্যতে CGPA ঘোষিত শিক্ষার্থীদের মানোন্নয়ন এর জন্য-

(i) কেবলমাত্র CGPA 3.00-এর নিচে প্রাপ্ত শিক্ষার্থীরাই মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

(ii) সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্ট গ্রহণ না করে ফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ডিন, স্কুল অব বিজনেস, বাউবি বরাবর আবেদন করতে হবে।

(iii) C-, C, C+ এবং B- গ্রেড প্রাপ্ত কোর্সমূহের মধ্যে সর্বোচ্চ ৬টি কোর্স মানোন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। তবে যে সকল কোর্সে ২(দুই) বার রেজিস্ট্রেশন এবং পুনঃরেজিস্ট্রেশন করে ৬ (ছয়) বার পরীক্ষার সুযোগ নিয়েছেন সে সকল কোর্সে মানোন্নয়ন এর জন্য বিবেচিত হবেন না।


(iv) CGPA প্রকাশের পর রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে কেবলমাত্র পরবর্তী ২টি সেমিস্টারে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

(v) মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে মান উন্নীত হলে যে টার্মে মান উন্নীত হবে সে টার্মে Improvement লিপিবদ্ধ করে সনদ ও ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে।

(vi) মানোন্নয়নের ক্ষেত্রে প্রতি বিষয়ে প্রচলিত নিয়মে সকল ফি প্রদান করতে হবে। এছাড়াও প্রতি মানোন্নয়নের আবেদনের সাথে ১,০০০/- (এক হাজার) টাকা (প্রতি কোর্স) মানোন্নয়ন ফি প্রদান করতে হবে।

৩। বিবিএ প্রোগ্রামে মানোন্নয়ন এর লক্ষ্যে যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেছেন তারা এ পত্রের ক্রম ১ অনুযায়ী ১৫ কার্যদিবসের মধ্যে আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে আবেদন করবেন। ভবিষ্যতে ১৬২ টার্ম থেকে মানোন্নয়নের জন্য পত্রের ক্রম ২ অনুসরণ করতে হবে।


ধন্যবাদসহ,


পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

অনুলিপি: সদয় কার্যার্থেঃ

- সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি(পত্রটি বাউবির ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'লো)।
 - সমস্বয়কারীস্টাডি সেন্টার, বিবিএ প্রোগ্রাম, বাউবি (বিষয়টি শিক্ষার্থীদের জানানোর জন্য অনুরোধ করা হ'লো)।
 - সহকারী/উপ-আঞ্চলিক পরিচালক..... উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি(বিষয়টি শিক্ষার্থীদের জানানোর জন্য অনুরোধ করা হ'লো)।
- অনুলিপি: সদয় অবগতির জন্যঃ**
- ডীন, এসওবি, বাউবি।
 - পরিচালক, এস.এস.এস বিভাগ, বাউবি।
 - সমস্বয়কারী বিবিএ প্রোগ্রাম, এসওবি, বাউবি।
 - সহকারী পরিচালক, প্রো- উপাচার্যের দপ্তর, বাউবি(প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 - সংরক্ষণ নথি।


২৭/০৮/১৭

